

3 (Sem-2) BEN MIL

2 0 1 7

BENGALI.

(Modern Indian Language)

Full Marks : 60

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

- ১। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও : ১×৭=৭
- (ক) 'স্মৃতি' গল্পে হাওড়া স্টেশনে গল্পের কথকের সঙ্গে কার দেখা হয়েছিল ?
- (খ) 'তাজমহল' গল্পে ফকিরের স্ত্রীর কি রোগ হয়েছিল ?
- (গ) "নৃশংস শিশু-হত্যাকারীর প্রতি কাহারও সহানুভূতি হইল না।" 'শিশু-হত্যাকারী'র নাম কী ?
- (ঘ) প্রফুল্লের স্বশুরের নাম লেখো।
- (ঙ) এক কড়া কাণা কড়ি দিয়ে কে ব্রজেশ্বরকে কিনে নিয়েছিল ?
- (চ) ব্রজেশ্বরকে বন্দি করে আনার পর দেবী চৌধুরাণী তাঁকে যে রূপার কলস দিয়েছিলেন তাতে কতটা মোহর ছিল ?
- (ছ) ফুলমণির বোনের নাম লেখো।

২। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও :

২×৪=৮

- (ক) “তুমি তো সেদিনকার ছোঁড়া হে, তোমার কথার আবার মূল্য কি?” কে, কাকে একথা বলেছেন?
- (খ) “তুচ্ছ উচ্চ যাহাই হোক, মানব মাত্রেই তাঁহার প্রিয়।” বক্তা কে? তিনি কার সম্বন্ধে একথা বলেছেন?
- (গ) “তোমার সঙ্গে আমি প্রতারণা করিব না। — আমাকে ব্রাহ্মণ পণ্ডিত মনে কর, আর যাই মনে কর, আমি ডাকাইতের সর্দার।” ডাকাত সর্দারের নাম কী? তিনি কাকে একথা বলেছেন?
- (ঘ) “আজ দেবী একা ছাদের উপর বসিয়া নহে, কাছে আর দুইজন স্ত্রীলোক বসিয়া।” এই দুইজন কে কে?

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো তিনটি) : ৫×৩=১৫

- (ক) ‘জাগ্রত দেবতা’ গল্পে লোকমুখে দেবতার মাহাত্ম্যের যে উদাহরণগুলি পাওয়া যায় তা উল্লেখ করো।
- (খ) বিল্টু কেন নিজের সন্তানকে হত্যা করেছিল, আলোচনা করো।
- (গ) ‘দেবী চৌধুরাণী’ উপন্যাসে সাগর চরিত্রটির গুরুত্ব আলোচনা কর।
- (ঘ) “প্রফুল্ল কাঞ্চালের মেয়ে বলিয়া যে হরবল্লভবাবু তাঁহাকে ঘৃণা করিতেন, তাহা নহে। বিবাহের পরে একটা গোল হইয়াছিল।” প্রসঙ্গটি আলোচনা করো।
- (ঙ) “মা, একঘরে হবার ভয়ে কে কবে সন্তান ত্যাগ করেছে? আমি কি তোমার সন্তান নই?” কে, কাকে একথা বলেছিলেন তা প্রাসঙ্গিক পরিস্থিতির বিবরণসহ লেখো।

৪। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও :

১০×৩=৩০

(ক) 'স্মৃতি' গল্পের নামকরণের তাৎপর্য বিশ্লেষণ করো।

অথবা

“বৃক্ষজীবনের সঙ্গে মানবজীবনের সাযুজ্যদানই এই গল্পের মূল বক্তব্য।” ‘নিমগাছ’ গল্প সম্পর্কে সমালোচকের এই মন্তব্যের যৌক্তিকতা বিচার করো।

(খ) ‘দেবী চৌধুরাণী’ উপন্যাসের ব্রজেশ্বর চরিত্রটি আলোচনা করো।

অথবা

“‘দেবী চৌধুরাণী’ উপন্যাসটি ঘটনাব্যাহারক্রান্ত ও ধর্মভাবগ্ৰস্ত হইলেও একটি বাস্তব জীবন-চিত্র বলিয়াই আমাদিগকে আকর্ষণ করে।” ‘দেবী চৌধুরাণী’ উপন্যাসের কাহিনী অবলম্বনে মন্তব্যটির যথার্থতা বিচার করো।

(গ) ‘তাজমহল’ গল্পের নামকরণ যথার্থ হয়েছে কি না, আলোচনা করো।

অথবা

‘দেবী চৌধুরাণী’ উপন্যাসে ফুলমণি ও দুর্লভ চক্রবর্তী চরিত্র দুটির গুরুত্ব আলোচনা করো।
